যৌথ প্রেস বিজ্ঞপ্তি: ভারত-কানাডা NSA স্তরের নিরাপত্তা বিষয়ক সংলাপ (06 অক্টোবর, 2026)

জাতীয় নিরাপত্তা উপদেষ্টা শ্রী অজিত ডোভালের আমন্ত্রণে, কানাডার প্রধানমন্ত্রীর সিনিয়র কূটনৈতিক এবং আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা, শ্রী ডেভিড মরিসন 2026 সালের 05-07 অক্টোবরে ভারত সফর করেন।

2. NSA স্তরে চলমান দ্বিপাক্ষিক নিরাপত্তা সংলাপের অংশ হিসাবে নিউ দিল্লিতে বৈঠক অনুষ্ঠিত হয়। এই ফরম্যাটে পূর্ববর্তী সংলাপ 2025 সালের সেপ্টেম্বরে নিউ দিল্লিতে এবং 2026 সালের ফেব্রুয়ারিতে অটোয়াতে অনুষ্ঠিত হয়েছিল।

3. উভয় পক্ষই মার্চ 2026-এ নিউ দিল্লিতে তাদের বৈঠকের সময় এবং 2026 সালের জুনে এভিয়ানে অনুষ্ঠিত G7 শীর্ষ সম্মেলনের সময় তাদের নিজ নিজ প্রধানমন্ত্রীর দেওয়া নির্দেশনার কথা স্বীকার করেছে।

4. তারা পারস্পরিক বিশ্বাস, একে অপরের উদ্বেগ এবং সংবেদনশীলতার প্রতি শ্রদ্ধা এবং দ্বিপাক্ষিক সম্পর্ক শক্তিশালী করার যৌথ অঙ্গীকারের ভিত্তিতে গত এক বছর ধরে অব্যাহত ও গঠনমূলক দ্বিপাক্ষিক সম্পৃক্ততার বিষয়টি সন্তোষের সাথে উল্লেখ করেছেন। তারা একটি সমন্বিত অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি (CEPA) বিষয়ক আলোচনা এগিয়ে নেওয়ার প্রচেষ্টাকে স্বাগত জানিয়েছেন। তারা নেতৃত্বের দূরদর্শী দৃষ্টিভঙ্গির সাথে সামঞ্জস্য রেখে একটি গুরুত্বপূর্ণ দ্বিপাক্ষিক প্রতিরক্ষামূলক সম্পর্ককে আরও অর্থবহ ও জোরদার করার ক্রমবর্ধমান সম্ভাবনা নিয়েও আলোচনা করেছেন।

5. বৈঠক চলাকালীন সময়ে উভয় পক্ষ দ্বিপাক্ষিক নিরাপত্তা এবং আইন প্রয়োগকারী সংস্থার সহযোগিতার অগ্রগতি পর্যালোচনা করেছে, যার মধ্যে 2026 সালের ফেব্রুয়ারি মাসে সম্পন্ন হওয়া শেয়ার করা নিরাপত্তা কর্মপরিকল্পনা বাস্তবায়নও অন্তর্ভুক্ত রয়েছে ছিল।

6. তারা আন্তঃদেশীয় সংগঠিত অপরাধ, সন্ত্রাসবাদ এবং সহিংস উগ্রবাদ, মানব ও মাদক পাচার, সাইবার অপরাধ, চাঁদাবাজি এবং অপরাধীদের প্রত্যর্পণের ক্ষেত্রে সমন্বয় ও সহযোগিতা জোরদার করতে সম্মত হয়েছেন। তারা ব্যবহারিক সহযোগিতার আরও ক্ষেত্র চিহ্নিত করার বিষয়ে তাদের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন, যার মধ্যে সাইবার নিরাপত্তা এবং অর্থনৈতিক নিরাপত্তার বিষয়ে সুসংবদ্ধ আলোচনার সূচনা করার সম্ভাবনাও অন্তর্ভুক্ত রয়েছে।

7. পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে সুষ্ঠু যোগাযোগ ও সময় মতো তথ্য আদান-প্রদান সহজতর করার লক্ষ্যে উভয় পক্ষ বিদ্যমান প্রাতিষ্ঠানিক কাঠামো জোরদার করতে এবং প্রয়োজন অনুযায়ী নতুন যোগাযোগ-ব্যবস্থা গড়ে তুলতে সম্মত হয়েছে।

8. উভয় পক্ষ আঞ্চলিক এবং বিশ্বব্যাপী উন্নয়ন নিয়েও মতবিনিময় করেছে।

নয়া দিল্লি

07 অক্টোবর, 2026